JAN 30 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
## বখশীবাজার, ঢাকা-১২১১

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে নতুন মাদরাসা স্থাপনের জন্য প্রয়োজনীয় বিষয়সমূহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়েছে।

নতুন দাখিল মাদরাসার প্রাথমিক অনুমতি লাভ করতে হলে বিদ্যমান সরকারী নীতিমালা অনুযায়ী সকল শর্ত পূরণ করে সেশন শুরু হওয়ার চার মাস আগে অর্থাৎ ৩১শে আগস্টের মধ্যে অনুমতি ফিসহ আবেদনপত্র মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান সমীপে পৌছাতে হবে। আবেদনের সাথে অবশ্যই প্রয়োজনীয় কাগজপত্র যেমন জমির দলিল, খাজনা পরিশোধের রসিদ, প্রতিষ্ঠানের নামে নাম জারির প্রমাণপত্র, মৌজার ম্যাপ, গৃহের বিবরণ, শিক্ষকদের তালিকা, শিক্ষকদের সনদসমূহের সত্যায়িত ফটোকপি, সংরক্ষিত এবং সাধারণ তহবিলের ব্যাংক সনদ, অখণ্ড জমির সনদ ইত্যাদিসহ পূরণকৃত ও স্বাক্ষরিত পরিদর্শন বিবরণী ফরম জমা দিতে হবে। উল্লেখ্য, দাখিল ৯ম শ্রেণীর অনুমতি ফি দুই হাজার টাকা এবং ৯ম শ্রেণীর সেশন শুরু হয় জানুয়ারী মাসের ১ তারিখ থেকে।

দাখিল মাদরাসায় আলিম শ্রেণী চালু করতে হলে সেশন শুরু হওয়ার চার মাস আগে অর্থাৎ ২৮শে ফেব্রুয়ারীর মধ্যে প্রয়োজনীয় ফি দিয়ে মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে দাখিল পরীক্ষার বিগত তিন বছরের ফলাফলসহ প্রয়োজনীয় উপরোক্ত কাগজপত্রসমূহ অবশ্যই দাখিল করতে হবে।

আলিম শ্রেণীর জন্য অনুমতি ফি পাঁচ হাজার টাকা এবং আলিম শ্রেণীর সেশন শুরু হয় ১লা জুলাই থেকে।

ব্যক্তির নামে মাদরাসা স্থাপন করতে হলে দাখিল মাদরাসার ক্ষেত্রে ১০ লাখ টাকা এবং আলিম মাদরাসার ক্ষেত্রে ১৫ লাখ টাকা মাদরাসার একাউন্টে ব্যাংকে নগদ জমা করতে হবে। পরবর্তীতে প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন করে খরচ করতে হবে এবং ব্যাংকের পাস বহি ও খরচের ভাউচার বোর্ডে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

ডঃ এ কে এম ইয়াকুব হোসাইন
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৮৬২৬১৩৮

পি-২১৫/২০০২ (৫"x৩)